

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ / ০২ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২২৭-আইন/২০১৩/৬৮৩-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৬৭-আইন/২০১৩/৬৭১-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর -

(ক) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৩৮.২৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এক্সিসমূহের পর নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা (Heading No.) ৩৯.২৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ নিম্নরূপ এক্সিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“৩৯.২৪ সংশ্লিষ্ট

এইচ,এস,কোড

প্লাস্টিকের তৈরী (মেলামাইন ব্যতীত) থালা, বাসন, পেয়াল্লা, বাটি, মগ, জগ, গ্লাস, সজি ধোয়ার জন্য ব্যবহার্য জালি, গামলা, বালতি, খাবার ঢাকার ঢাকনি, ফুলের বাচ্চাদের ব্যবহার্য পানির বোতল, খুড়ি ও টিফিন ক্যারিয়ার, বদনা, সাবানদানি, বেবী পটি, টিস্যু হোস্ডার, বেড প্যান, বেবী বাথটাব, মশলার ট্রে, চায়ের ট্রে, আইস ট্রে, আইস কুপ, সালাদ কাটিং বোর্ড, পিড়ি বা টুল, ডিশ ব্যাক, ময়লার খুড়ি, প্যাডেল বিন, ডাস্ট প্যান, গ্যাস স্ট্যান্ড, হ্যাংগার, হাতপাখা (প্লাস্টিকের তৈরী আসবাবপত্র ব্যতীত)

(খ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৭৩.২৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এক্সিসমূহের পর নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা (Heading No.) ৭৬.১৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ নিম্নরূপ এক্সিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“৭৬.১৫ সংশ্লিষ্ট

এইচ,এস,কোড

এ্যালুমিনিয়াম ও এনামেলের তৈরী কিচেন বা অন্যান্য গৃহস্থালীর তৈজসপত্র, স্যানিটারী ওয়্যার এবং যন্ত্রাংশ (প্রেসার কুকার, ননস্টিক ফ্রাইপেন, সসপেন, তাওয়া, কড়াই ও উহাদের যন্ত্রাংশ ব্যতীত)।

২। এই প্রজ্ঞাপন ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ গোলাম হোসেন)
সচিব